

২০১৬ সালের নজরকাড়া কয়েকটি প্রযুক্তিপণ্য

নতুন বছর ২০১৬ জুড়ে বাজারে আসবে বিভিন্ন ধরনের অত্যাধুনিক প্রযুক্তিপণ্য। এসব নিয়ে পাঠকদের রয়েছে বিশেষ আগ্রহ। ২০১৬ সালের কিছু চমকপ্রদ প্রযুক্তি পণ্য নিয়েই এই প্রতিবেদন লিখেছেন সোহেল রানা।

আইফোন ৬সি

আইফোন ৫-এর মতো ছোটপর্দার উপযোগী সাত্রী দামের ডিভাইস আনতে যাচ্ছে অ্যাপল। ডিভাইসটি ২০১৬ সালের শুরুতে বাজারে আসবে। সম্প্রতি অ্যাপল পণ্য বিশেষক মিং চি কুও এসব তথ্য দিয়েছেন। এই প্রথমবারের মতো বিদ্যমান আইফোনের চেয়ে ছোটপর্দার ডিভাইস আনতে যাচ্ছে অ্যাপল। নতুন এই ডিভাইসের নাম আইফোন ৬সি হতে পারে বলে ধারণা করা হচ্ছে। তিনি জানিয়েছেন, আইফোন ৬সি আইফোন ৬ ও আইফোন ৬এসের মতো কিছুটা বাকানো হতে পারে। এতে আইফোন ৫এসের কাঠামো ব্যবহার করা হবে। আর আইফোন ৬এসের মতো এতে এন৯ চিপ ব্যবহার করা হবে। সোনালি, ধূসর ও রূপালি রংয়ে ডিভাইসটি উন্মোচন করা হবে। ২০১৬ সালে পরবর্তী ফ্ল্যাগশিপ হিসেবে আইফোন ৭ বাজারে আসার কথা। তবে মিং চি কুও'র মতে, আইফোন ৭-এর আগে আইফোন ৬সি বাজারে আসবে।



এইচটিসি ভাইভ ভিআর হেডসেট

গেমিং জায়ান্ট ভালভের সাথে জোট বেঁধে স্মার্টফোন নির্মাতা এইচটিসি বানাচ্ছে ভিআর হেডসেট 'এইচটিসি ভাইভ'। ২০১৫ সালে বাজারে



আসার কথা ছিল ডিভাইসটির। তবে নতুন বছরে বাজারে আসবে এই ডিভাইসটি। বলা হচ্ছে, এটি গেমারদের সবচেয়ে বেশি কাজে আসবে।

ভার্চুয়াল রিয়েলিটি

স্যামসাং, সনি ও এইচটিসি সম্প্রতি ফেসবুকের সাথে একত্রিত হয়ে ভার্চুয়াল রিয়েলিটি প্রযুক্তিকে আরও উন্নত করার ঘোষণা দিয়েছে। ২০১৬ সাল নিশ্চিতভাবে ভার্চুয়াল রিয়েলিটির (ভিআর) বছর হতে যাচ্ছে। এ বছর ভার্চুয়াল রিয়েলিটির মাধ্যমে মানুষ মহাকাশে যেমন ভ্রমণ করতে পারবে,

তেমনি গেমিংয়েও অসাধারণ উন্নতি করা সম্ভব হবে। বাজারে আসার কথা রয়েছে একাধিক ভিআর হেডসেটের। ডিভাইসগুলোর মধ্যে সবার আগে অকুলাস রিফট আসবে বলে আশা করা হচ্ছে। অকুলাস রিফট ব্যবহারের জন্য প্রয়োজন হবে



একটি আলাদা পিসির। এক্সবক্স কন্ট্রোলারের সাথেও কাজ করবে এটি। আশা করা হচ্ছে, ২০১৬ সালের প্রথম প্রান্তিকেই বাজারে অভিষেক হবে এর। এছাড়া মাইক্রোসফট হলোলিপের ডেভেলপমেন্ট কিট এবছর ৩ হাজার ডলার দামে বাজারে ছাড়া হবে।

পিএস৪ গেম



এখন পর্যন্ত বিশ্বব্যাপী তিন কোটি ইউনিট প্রেস্টেশন৪ বিক্রি করেছে সনি। অন্যদিকে ২০১৬ এক্সবক্স কনসোলার জন্যও গুরুত্বপূর্ণ একটি বছর হবে বলে দাবি করছে গেমিং কনসোলার বাজারে সনির শীর্ষ প্রতিদ্বন্দ্বী মাইক্রোসফট। প্রেস্টেশন ভিআর একাধিক বহু প্রতীক্ষিত গেমের বদৌলতে প্রেস্টেশন ৪ কনসোলার গেমারদের জন্য ২০১৬ ঘটনাবহুল একটি বছর হবে। ২০১৬ সালে পিএস৪-এর জন্য অনেকগুলো বড় গেম মুক্তি পাবে। এ বছরেই অভিষেক হবে বহু প্রতীক্ষিত প্রেস্টেশন ভিআরের। গেমিংবিষয়ক সাইট গেমস্পট ডটকম এক প্রতিবেদনে জানিয়েছে, ২০১৬ সালে মুক্তির অপেক্ষায় থাকা পিএস৪ গেমগুলোর মধ্যে আছে— স্ট্রিট ফাইটার ফাইভ, আনচার্টেড ৪ : এ থিফস অ্যান্ড হরাইজন : জিরো ডন, গ্র্যান টুরিসমো স্পোর্ট এবং দ্য লাস্ট গার্ডিয়ান। কনসোলটির জন্য আগামী বছর যে মাল্টিপ্ল্যাটফর্ম গেমগুলো আসছে, সেই তালিকা আরও বড়।

২০ মেগাপিক্সেল ক্যামেরার এইচপি স্মার্টফোন

হিউলেট-প্যাকার্ড (এইচপি) নতুন বছরের শুরুতে উইভোজ ১০ সফটওয়্যারচালিত নতুন স্মার্টফোন বাজারে আনতে পারে। এই ফোনের নাম হতে পারে 'এইচপি ফ্যালকন'। ২০১৬

স্যামসাং স্মার্ট আংটি

স্যামসাং পরিধানযোগ্য প্রযুক্তিপণ্য বিভাগে নতুন একটি পণ্য তৈরি করতে পারে। এটি হতে পারে



স্মার্ট আংটি। এর আগে স্মার্টওয়াচ ও গিয়ার ভার্চুয়াল রিয়েলিটি হেডসেট তৈরি করেছে স্যামসাং। স্যামসাংয়ের নতুন স্মার্ট আংটির পেটেন্ট সংক্রান্ত বিষয়টি প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রের পেটেন্ট অ্যান্ড ট্রেডমার্ক অফিস। প্যাটেন্টলি মোবাইল ওয়েবসাইট এ তথ্য প্রথম প্রকাশ করেছে। স্যামসাংয়ের পেটেন্ট আবেদনে বলা হয়েছে, তাদের তৈরি স্মার্ট আংটি দিয়ে স্মার্টফোন, ট্যাব, টিভি ও স্মার্টহোম যন্ত্রগুলো নিয়ন্ত্রণ করা যাবে।

সালের ২২ থেকে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত স্পেনের বার্সেলোনায় অনুষ্ঠিতব্য মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে এই স্মার্টফোন আনতে পারে এইচপি।

ফ্যালকন স্মার্টফোনটিতে থাকবে কোয়ালকমের তৈরি স্ল্যাপড্রাগন ৮২০ চিপসেট ও ২ জিবি র‍্যাম। ৫ দশমিক ৮ ইঞ্চি মাপের কিউইইচডি ডিসপ্লেয়ুক্ত স্মার্টফোনটিতে ৬৪ জিবি বিল্টইন স্টোরেজ সুবিধা থাকবে। স্মার্টফোনটির



পেছনে ২০ ও সামনে ১২ মেগাপিক্সেলের ক্যামেরা থাকতে পারে। বাজার বিশ্লেষকেরা বলছেন, উইভোজ ১০ সফটওয়্যারচালিত স্মার্টফোনের বাজারে এইচপির তৈরি ফ্যালকন ফোনটি হবে লুমিয়া ৯৫০ ও লুমিয়া ৯৫০ এক্সএল মডেল দুটির চেয়েও উন্নত।